

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ২৫-০২-১৪১২ বঙ্গাব্দ/ ০৮-০৬-২০০৫ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৩৮-আইন/২০০৫/২০৮৪/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, First Schedule এর H.S.Code 4902.10.00 এবং 4902.90.00 এর আওতাভুক্ত “academic journals and periodicals” পণ্যসমূহকে, উহাদের উপর আরোপণীয় সমুদয় আমদানি শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তপূরণসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :-

শর্ত

- (ক) আমদানিকারককে আমদানিকৃত “academic journals and periodicals” শিক্ষা কার্যক্রমে রেফারেন্স হিসাবে ব্যবহৃত হইবে মর্মে বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান এবং কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র পণ্য খালাসকালে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (খ) সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ শর্ত ‘ক’ মোতাবেক দাখিলকৃত প্রত্যয়ন পত্রের সঠিকতা যাচাইপূর্বক পণ্য চালান শুদ্ধায়ন ও খালাস প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(আ, তা, মু, সারওয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)